[redacted]

[redacted]

কালীগঞ্জে কৃষকের ঋণের টাকা আত্মসাৎ: দুই জনকে বরখাস্ত, একজনকে অব্যহতি

ঝিনাইদহের কালীগঞ্জ অগ্রণী ব্যাংকে কৃষকের নামে ভুয়া কাগজ পত্র তৈরি ও মৃত ব্যক্তিদের নামে ঋণ উঠিয়ে প্রায় ২ কোটি টাকা আত্মসাৎ’র ঘটনায় ব্যাংকটির পূর্বের ম্যানেজার, ক্রেডিট অফিসার কে বরখাস্ত ও এক মাঠ সহকারীকে অব্যহতি প্রদান করা হয়েছে।

গত বুধবার সন্ধ্যায় ঢাকা থেকে আসা ব্যাংকটির প্রিন্সিপাল অফিসার রফিকুল ইসলাম সহ তিন সদস্যের একটি তদন্ত কমিটি এ সিদ্ধান্ত নেন। বিষয়টি নিশ্চিত করেছেন ব্যাংকের বর্তমান ম্যানেজার নাজমুস সাদাত।

এর আগে গত ২৭ সেপ্টেম্বর গণমাধ্যমে “কালীগঞ্জে কৃষিঋণের ২ কোটি টাকা আত্মসাৎ” শিরোনামে একটি অনুসন্ধানী প্রতিবেদন প্রকাশিত হয়। সংবাদ প্রকাশিত হওয়ার পর দিন ঢাকা থেকে তদন্ত কমিটি এসে তাদের বরখাস্ত ও অব্যহতি প্রদান করে।

অগ্রণী ব্যাংক কালীগঞ্জ শাখার বর্তমান ম্যানেজার নাজমুস সাদাত জানান, আর্থিক অনিয়মের কারণে অগ্রণী ব্যাংক কালীগঞ্জ শাখার পূর্বের ম্যানেজার শৈলন কুমার বিশ্বাস, ক্রেডিট অফিসার আব্দুস সালামকে বরখাস্ত ও মাঠ সহকারী আজির আলীকে চাকরি থেকে অব্যহতি প্রদান করা হয়েছে।

ব্যাংকটির পূর্বের ম্যানেজার শৈলন কুমার বিশ্বাসকে বর্তমানে চুয়াডাঙ্গা আঞ্চলিক অফিসে কর্মরত, ক্রেডিট অফিসার আব্দুস সালাম কালীগঞ্জ শাখায় ও মাঠ সহকারী আজির আলী ঝিনাইদহ হামদাহ বাসস্ট্যান্ড শাখায় কর্মরত ছিলন।

উল্লেখ্য, গত ২০১৭ সাল থেকে ৪% সুদে কৃষিঋণ বিতরণে ব্যাপক অনিয়ম করার অভিযোগ পাওয়া যায়। কৃষকের পূর্বের ঋণের কাগজপত্র জাল ও মৃত ব্যাক্তিদের ঋণ দেওয়ার নামে ব্যাংকটির পূর্বের ম্যানেজার সহ তিন কর্মচারী বিপুল পরিমাণ টাকা আত্মসাৎ করেন। এ নিয়ে গত ১ মাস ধরে অগ্রণী ব্যাংকের ঝিনাইদহ আঞ্চলিক অফিস থেকে তদন্ত কমিটি কাজ করছেন।

গর্ভবতী গৃহবধূকে ৪ দিন আটকে রেখে ধর্ষণের অভিযাগ, আদালতে মামলা

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ৫ মাসের অন্তঃসত্ত্বা এক গৃহবধূকে
(১৯) যশোরের নওয়াপাড়া এলাকার একটি বাড়িতে চারদিন আটক রেখে ধর্ষণের অভিযাগে মামলা করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর সাড়ে ১২ টার দিক ওই গৃহবধূ নিজে বাদী হয়ে ঝিনাইদহ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে ৪ জনকে আসামি করে মামলাটি দায়ের করেন।

মামলার নথি ও আসামি পক্ষের আইনজীবী আকিদুল ইসলাম জানান, ধর্ষিত গৃহবধূর স্বামী চুয়াডাঙ্গা থেকে যশোর সড়কে চলাচলকারী শাপলা পরিবহনের হেলপার। তার বাড়ি যশোর সদর উপজেলার মথুরাপুর গ্রামে। আর গৃহবধূর বাড়ি ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার তেঁতুলবাড়িয়া গ্রামে। দু’বছর আগে তাদের পারিবারিক ভাবে বিয়ে হয়।

বর্তমানে ওই গৃহবধূ পাঁচ মাসের গর্ভবতী। চলতি মাসের ১০ তারিখ তার স্বামী ফোনে জানায় দুপুর বারাবাজার বাসস্ট্যান্ড এসে গাড়িতে উঠলে তাকে বারীনগর বাজার নামিয়ে দিবে।

স্বামীর কথা অনুযায়ী ঘটনার দিন দুপুর বারাবাজার বাসস্ট্যান্ড আসে। সে সময় সেখানে দাঁড়িয়ে থাকা বাবা’র বাড়ির পার্শ্ববর্তী উপজেলার তেঁতুলবাড়িয়া গ্রামের তিন যুবক মথুরাপুরে পৌঁছে দিবে বলে ওই সড়কে চলাচলকারী গড়াই পরিবহনে তুলে যশোরের নওয়াপাড়ায় একটি বাড়িতে নিয়ে আটকে রাখে।

এরপর পিয়াস, তরু, রাকিব ও তরিকুল চার দিন আটক রেখে পালাক্রমে ধর্ষণ করে। এরমধ্যে প্রধান আসামি পিয়াস শাপলা পরিবহনের সুপারভাইজার। পরে মেয়েটিকে তারা ছেড়ে দিলে সে বাবার বাড়ি চলে আসে। তখন নানা ভয়ভীতি দেখিয়ে ওই গৃহবধূকে মামলা না করতে চাপ দিতে থাকে।

পরে বৃহস্পতিবার দুপুরে ওই গৃহবধূ নিজে বাদী হয়ে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনালে পিয়াস, তরু, রাকিব ও তরিকুলের বিরুদ্ধে ধর্ষণ মামলা দায়ের করে। আইনজীবী আরো জানান, মামলা হয়েছে। এখন আদালতের প্রক্রিয়া অনুসার বিচারকার্য চলবে।

ঝিনাইদহে ৩ দিন ব্যাপী ৪১তম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড’র সমাপনী

ঝিনাইদহে শেষ হয়েছে ৩ দিন ব্যাপী ৪১তম জাতীয় বিজ্ঞান মেলা ও বিজ্ঞান অলিম্পিয়াড। বৃহস্পতিবার বিকালে শহরের ফজর আলী স্কুল এন্ড কলেজ মিলনায়তনে এ মেলা সমাপ্ত হয়।

এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার তসলিমা খাতুন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, জেলা শিক্ষা অফিসের সহকারী পরিদর্শক মোজাফফর হোসেন পলাশ, ফজর আলী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জয়া রানী চন্দ।

অনুষ্ঠান পরিচালনা করেন জেলা শিক্ষা অফিসের সহকারী পরিদর্শক এ কে এম ফয়সানুল কবির।

অনুষ্ঠানে আলোচনা সভা শেষে বিজ্ঞান মেলায় অংশ নেওয়া শিক্ষা প্রতিষ্ঠানে ৫ টি ক্যাটাগরিতে ১৫ জনকে পুরষ্কার প্রদান করা হয়। এছাড়াও অংশগ্রহণকারী সকল শিক্ষা প্রতিষ্ঠানকে পুরষ্কৃত করা হয়।

গত মঙ্গলবার দুপুরে ঝিনাইদহ শহরের ফজর আলী স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণে জেলা প্রশাসন ও শিক্ষা অফিস এ মেলার আয়োজন করে। মেলায় ৬ টি উপজেলার ৩ টি গ্রুপে ৫৪ টি প্রজেক্টে ১শত শিক্ষার্থী অংশ নেয়।

[redacted]

[redacted]

হরিণাকুণ্ডুতে জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড প্রতিযোগিতা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পর্যায়ে ৫ম জাতীয় অলিম্পিয়াড প্রতিযোগীতা-২০২০ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে শিশুকলি মডেল মাধ্যমিক বিদ্যালয়ে এ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগীতায় জীব বিজ্ঞান, পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, গনিত ও আইসিটি বিষয়ের উপর প্রতি বিষয় ২০ নম্বর করে মোট ১০০ নম্বরের পরীক্ষায় সিনিয়র পর্যায়ে সরকারী লালনশাহ্ কলেজ, সালেহা বেগম মহিলা ডিগ্রি কলেজ, জোড়াদাহ কলেজ,

মানদিয়া আইডিয়াল কলেজ, হাজী আরশাদ আলী ডিগ্রি কলেজ এবং জুনিয়ার পর্যায়ে শিশুকলি মডেল মাধ্যমিক বিদ্যালয়, সরকারী বালিকা বিদ্যালয়, প্রিয়নাথ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ, পাইলট মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজ, আন্দুলীয়া মাধ্যমিক বিদ্যালয় ও জোড়াদাহ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশ গ্রহণ করে।

উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা প্রতিযোগীতার সময় কক্ষ পরিদর্শন করেন এবং প্রতিযোগীতা শেষে পরীক্ষার খাতা মূল্যায়ন ও মনিটরিং করেন।

এ সময় উপস্থিত ছিলেন মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ফজলুল হক, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জামাল হোসেন, সমাজ সেবা কর্মকর্তা মোহাম্মদ হোসেন খান, যুবউন্নয়ন কর্মকর্তা বিল্লাল হোসেন, জনস্বাস্থ্য প্রকৌশলের সহকারী প্রকৌশলী আল আমীন প্রমুখ।

কালীগঞ্জে ৫৫ জন মেয়েকে দেওয়া

হল শিক্ষা বৃত্তি

ঝিনাইদহের কালীগঞ্জে ৫৫ জন মেয়েকে মাসিক শিক্ষা বৃত্তি দিলো জাপান ভিত্তিক সে¦চ্ছাসেবী সংস্থা হাঙ্গার ফ্রি ওয়ার্ল্ড। বুধবার বিকালে বৃত্তির টাকা বিতরণ করা হয়। সুনিকেতন পাঠশালা সেমিনার কক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাঙ্গার ফ্রি ওয়ার্ল্ডের এরিয়ার কো-অর্ডিনেটর (ভারপ্রাপ্ত) ও দৈনিক মানবকণ্ঠের সাংবাদিক শাহজাহান আলী বিপাশ, একাউন্স অফিসার সুফিয়া খাতুন,অফিস সহকারী মেহেরুন নেছা।

এবার জুলাই-সেপ্টেম্বর মাসে স্কুল পর্যায়ের ২১ জন মেয়েকে জনপ্রতি ৯০০ টাকা এবং কলেজ পর্যায়ের ৩৪জন মেয়েকে জনপ্রতি ১২০০ টাকা প্রদান করা হয়। এর আগে সকালে বৃত্তিপ্রাপ্ত মেয়েদের নিয়ে দক্ষতামূলক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়।

কর্মশালায় অংশ নেন কালীগঞ্জ উপজেলা মহিলা অধিদপ্তরের তথ্য আপা প্রিয়াংকা চক্রবর্তী, পাপিয়া পাল এবং শিরিন সুলতানা। তারা বৃত্তিপ্রাপ্ত মেয়েদের সরকারি বিভিন্ন সেবা সম্পর্কে অবহিত করেন।

একই সাথে বৃত্তিপ্রাপ্ত মেয়েদের সঞ্চয় করতে, খাদ্য ও পুষ্টি নিরাপত্তা রক্ষা, প্রাথমিক স্বাস্থ্য বিষয় এবং ইয়ুথ এগেইনষ্ট হাঙ্গার বিষয়ে আলোচনা করা হয়।

ঝিনাইদহে মোস্তফা ইউপিভিসি ডোর কোম্পানীর শো-রুম উদ্বোধন

ঝিনাইদহ শহরের প্রাণকেন্দ্রে অগ্নিবীণা সড়কে মোস্তফা ইউপিভিসি ডোর কোম্পানীর শো-রুম উদ্বোধন করা হয়েছে।

বুধবার দুপুরে শহরের ব্র্যাক ব্যাংকের নিচে ফিতাকেটে এ শো-রুমের উদ্বোধন করা হয়। উদ্বোধন উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা

হয়।

মেসার্স লাবন্য মোস্তফা ইউপিভিসি ডোর হাউজের ডিলার হানিফ খানের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউপিভিসি কোম্পানীর পরিচালক সেলিম মুন্সি, জোনাল ম্যানেজার পলাশ হোসেন, ঝিনাইদহ প্রেস ক্লাবের যুগ্ম সম্পাদক কে এম সালেহ, সেলস অফিসার সুমন হোসেনসহ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, সরকার সারাদেশের ন্যায় ঝিনাইদহে বিনিয়োগ ব্যবসায়ীদের উন্নয়ন সহায়তা কমিটি গঠন করেছে। তাই স্থানীয় ব্যবসায়ীদেরকে বিনিয়োগ নিয়ে আরো বেশি এগিয়ে যেতে হবে।

উদ্বোধন শেষে ব্যবসায়ের সফলতা কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে বিশ্ব বসতি দিবস পালিত

‘সবার জন্য আবাসন, ভবিষ্যতের নগর উন্নয়ন’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব বসতি দিবস পালিত হয়েছে।

বুধবার সকালে ঝিনাইদহ পৌরসভা ও ব্রাকের আয়োজনে পৌরসভা চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে সেখানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এতে ঝিনাইদহ পৌর মেয়র ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, বাংলাদেশ কাউন্সিলের সভাপতি সাইফুল ইসলাম, প্যানেল মেয়র জাহিদুল ইসলাম, ফারহানা রেজা, পৌর সচিব মুসতাক আহম্মেদ, ব্রাক কর্মকর্তা রোকেয়া বেগমসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

এ সময় বক্তারা, নগর তথা দেশের উন্নয়নে সবার জন্য আবাসন নিশ্চিত করতে সরকারের পাশাপাশি সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

ঝিনাইদহে পারিবারিক সহিংসতা ও বাল্য বিবাহ রোধে মতবিনিময় সভা

ঝিনাইদহে পারিবারিক সহিংসতা ও বাল্য বিবাহ প্রতিরোধে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকালে সদর উপজেলা পরিষদ অডিটরিয়ামে এ আয়োজন করা হয়।

এ সময় শিশু নিলয় ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক নাছিমা বেগমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ বদরুদ্দোজা শুভ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর থানা অফিসার ইনচার্জ মোহাম্মদ মিজানুর রহমান, মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্ত, ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি এম রায়হান, মহারাজপুর ইউপি চেয়ারম্যান খুরশিদ আলম, শিশু নিলয় ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার মোয়াজ্জেম হোসেনসহ স্থানীয় ইউপি সদস্যবৃন্দ।

বক্তারা পারিবারিক সহিংসতা প্রতিরোধ প্রকল্পে সদর উপজেলার ১০ টি ইউনিয়নে পারিবারিক সহিংসতা ও বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে সচেতনতামূলক আলোচনা করেন।